

৩০৮০ বাংলাদেশ
নথি ১৭১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
চন্দন্ত ও শৃঙ্খলা শাখা
মিরপুর-২, ঢাকা- ১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.১০৫.০২৭.০৮.০১.০৮২.২০১৫-৭১৩

তারিখঃ ২৭ শ্রাবণ ১৪২৩।
১৯ আগস্ট ২০১৬।

প্রজ্ঞাপন

যেহেতু, আপনি জনাব হেমায়েতুল ফারুক, উপজেলা শিক্ষা অফিসার (চলতি দায়িত্ব), নাসিরনগর, ব্রাহ্মণবাড়ীয়াকে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিবিমালা, ১৯৮৫-এর ৩ (এ) ও ৩ (বি) উপবিধি অনুযায়ী অদক্ষতা ও অসদাচরণের অভিযোগে ২৪.০৮.২০১৫ তারিখে বিভাগীয় মামলা (বিমা-০৮/১৫) রংজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ১৩.০৯.২০১৫ তারিখে লিখিত জবাব দাখিল করেন এবং ১১/১০/২০১৫ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়; এবং

যেহেতু, তাঁর দাখিলকৃত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, বিভাগীয় মামলার প্রাসঙ্গিক রেকর্ডপত্র এবং প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ও উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, নাসিরনগর কর্তৃক বিল সমন্বয় সংক্রান্ত ইস্যুকৃত পত্র ও প্রত্যয়নপত্র পর্যালোচনায় দেখা যায় জনাব হেমায়েতুল ফারুক যথাসময়ে বিল সমন্বয় করেছেন; এবং

যেহেতু, সার্বিক অবস্থা বিবেচনাপূর্বক অভিযুক্ত কর্মকর্তার বিবরণে দায়েরকৃত বিভাগীয় মামলা নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব হেমায়েতুল ফারুক, উপজেলা শিক্ষা অফিসার (চলতি দায়িত্ব), নাসিরনগর, ব্রাহ্মণবাড়ীয়াকে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিবিমালা, ১৯৮৫ এর ৭ (২)(এ) উপবিধি মোতাবেক অভিযোগ নিষ্পত্তিপূর্বক বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

০৮.৮.২০১৬
মোঃ আলমগীর
মহাপরিচালক

তারিখঃ ২৯ শ্রাবণ ১৪২৩।
১৯ আগস্ট ২০১৬।

স্মারক নং- ৩৮.১০৫.০২৭.০৮.০১.০৮২.২০১৫- ৭১৩/১২১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যালয়ে প্রেরিত হলোঃ

১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃষ্টি আকর্ষণ: উপ-সচিব (প্রশাসন-১)
২. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢয় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
৩. পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪. উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫. উপপরিচালক (তৎ ও শঃ/প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৬. উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৭. সিস্টেম এনালিস্ট, আইএমডি, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (প্রজ্ঞাপনটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৮. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ব্রাহ্মণবাড়ীয়া।
৯. জনাব হেমায়েতুল ফারুক, উপজেলা শিক্ষা অফিসার (চলতি দায়িত্ব), নাসিরনগর, ব্রাহ্মণবাড়ীয়া।
১০. উপজেলা হিসাব রক্ষণ অফিসার, নাসিরনগর, ব্রাহ্মণবাড়ীয়া।
১১. পিএটু, মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. সংরক্ষণ নথি।

IMD
৪৯৪
১১/০৮/১৬

১৪১৮.৮.১৬
(রিফাত পারভীন)
সহকারী পরিচালক (তৎ ও শঃ)